

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩০.০৭.২১৩.২৩ নথির বিষয়: Supply of PLC card for synchronizing panel.

নোট: ১ নোটের বিষয়: Supply of PLC card for synchronizing panel কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৪/১০/২৩ চ:৪৬ অপরাহ্ন




সংযুক্ত ক্রমিক নং-১ থেকে ৭ দয়া করে দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার ঢাকা ওয়াসার সর্বাধিক গুরুত্বপূর্ণ জাতীয় স্থাপনা। সায়েদাবাদ পানি শোধনাগারের নিরবিচ্ছিন্ন ভাবে বিদ্যুৎ সরবরাহের জন্য স্থাপিত ৪ সেট গ্যাস জেনারেটর আছে, গ্যাস জেনারেটর সমূহ ৪.৪ মেগাওয়াট ক্যাপাসিটি সম্পন্ন। সকল গ্যাস জেনারেটর এবং গ্রিডের সাথে সিনক্রোনাইজিং করার জন্য একটি মাস্টার কন্ট্রোল প্যানেল ও সিক্রোনাইজিং প্যানেল আছে। পিএলসি কার্ডের সিগন্যাল প্রদান এর মাধ্যমে ফেজ অ্যাঙ্গেল, ফেজ সিকোয়েন্স এবং অল্টারনেটর (জেনারেটর) বা একটি চলমান পাওয়ার সিস্টেমের সাথে গ্রিড লাইন তরঙ্গরূপের মতো পরামিতিগুলিকে মেলানোর প্রক্রিয়া, একটি জেনারেটরকে পাওয়ার সিস্টেমে সিনক্রোনাইজিং করার সময় জেনারেটরের ফ্রিকোয়েন্সি এবং ভোল্টেজ ঘনিষ্ঠভাবে সিগন্যাল গুলোকে মিলানোর জন্য পিএলসি কার্ড ব্যবহার করা হয়ে থাকে। দীর্ঘদিন ব্যবহৃত হওয়ার কারণে এখন মাঝে মাঝে সিগন্যাল ছেড়ে দেয়, গ্রিড হতে গ্যাস জেনারেটর বিচ্ছিন্ন হয়ে যায় বার বার গ্যাস জেনারেটর বন্ধ হয়ে যাওয়ার কারণে গ্রিডের সাথে নিরবিচ্ছিন্নভাবে সংযুক্ত থাকা যাচ্ছে না। তাই এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে গ্যাস জেনারেটর জন্য অতি জরুরী ভিত্তিতে পিএলসি কার্ড পরিবর্তন করা প্রয়োজন। সেই লক্ষ্যে Supply of PLC card for synchronizing panel ক্রয় কাজটি সম্পাদনের লক্ষ্যে পূর্বনুমোদিত দর ও সংগৃহীত কোটেশনের নিম্নতম দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হলো। প্রাক্কলনে টাকার পরিমাণ=৯,৯৮,৭০০/- (নয় লক্ষ আটানব্বই হাজার সাতশত) টাকা মাত্র। আলোচ্য ক্রয় কাজের ব্যয় বার সাপাশো (ফেজ-১) এর ২০২৩-২৪ অর্থ বৎসরের জেনারেটর রক্ষনাবেক্ষন খাত হতে বহন করা যেতে পারে। উল্লেখ্য সাপাশো (ফেজ-১) এর ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সিরিয়াল নং-L-19 , আইটেম নং- G-10 এ (OTM-e-GP) তে সম্পাদনের অনুমোদন রয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৪/১০/২৩ চ:৪৭ অপরাহ্ন

Supply of PLC card for synchronizing panel . কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা ও প্রতিযোগীতা বৃদ্ধির লক্ষ্যে কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM-e-GP) তে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৪/১০/২৩ চ:৪৯ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Supply of PLC card for synchronizing panel. কাজে উপস্থাপিত সর্বমোট = ৯,৯৮,৭০০/- (নয় লক্ষ আটানব্বই হাজার সাতশত) টাকা কাজের প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর ২০০৮ এর ৬১(১) ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM-e-GP) তে সম্পাদন করার অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
৪/১০/২৩ চ:৫৪ অপরাহ্ন মোঃ বেলায়েত হোসেন রাজু উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	৫/১০/২৩ চ:২২ অপরাহ্ন মেহনাজ মুশফিকা উপ-বিভাগীয় প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	৬/১০/২৩ চ:১১:৫৯ পূর্বাহ্ন মোঃ আবিদ হোসেন নির্বাহী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	৬/১০/২৩ চ:১১:৫৯ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল (অপারেশন)

সংযুক্তিসমূহ (৭):

১। সংযুক্ত ক্রমিক নং- ১। সাপাশো ফেজ-১ এর ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।




২। সংযুক্ত ক্রমিক নং- ২। সার্ভে রিপোর্ট এর কপি।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

- ৩। সংযুক্ত ক্রমিক নং- ৩। স্টক রিপোর্ট।
৪। সংযুক্ত ক্রমিক নং- ৪। আলোচ্য ক্রয় কাজের পূর্বানুমোদিত দর।
৫। সংযুক্ত ক্রমিক নং- ৫। সংগৃহীত কোটেশন ও কম্পারিজন রিপোর্ট।
৬। সংযুক্ত ক্রমিক নং- ৬। টেকনিক্যাল স্পেসিফিকেশন।
৭। সংযুক্ত ক্রমিক নং- ৭। আলোচ্য ক্রয় কাজের প্রাক্কলন।



অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৬/১০/২৩ ৬:৩৬ অপরাহ্ন

Approved.

		
৬/১০/২৩ ৬:৩৬ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৬/১০/২৩ ১০:১৬ অপরাহ্ন মোঃ আবিদ হোসেন নির্বাহী প্রকৌশলী সায়াদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	৬/১০/২৩ ১০:১৬ অপরাহ্ন মেহনাজ মুশফিকা উপ-বিভাগীয় প্রকৌশলী সায়াদাবাদ পানি শোধনাগার (অপারেশন)

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৬/১২/২৩ ১:৪১ অপরাহ্ন

দরপত্র আহবান, যাচাই-বাছাই সম্পন্ন হয়েছে। Winning Tenderer এর কে NoA প্রদান করা হয়েছে। Winning Tenderer সহিত চুক্তি সম্পাদন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।

	
৬/১২/২৩ ১:৪২ অপরাহ্ন মেহনাজ মুশফিকা উপ-বিভাগীয় প্রকৌশলী সায়াদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	৬/১২/২৩ ১:৪২ অপরাহ্ন মোঃ বেলায়েত হোসেন রাজু উপ-সহকারী প্রকৌশলী সায়াদাবাদ পানি শোধনাগার (অপারেশন)